সৃজনশীল বাংলাদেশ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.১৯.০০৪ (১-৩)

২১ পৌষ ১৪২৭
৫ জানুয়ারি ২০২১

# ডিসেম্বর ২০২০ মাসের কার্যক্রমের তথ্যাদি

**১। ২০২১ শিক্ষাবর্ষের ভর্তি সংক্রান্ত কার্যক্রম :** শিল্প-সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ গঠনের লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির প্রণীত নীতিমালা ও পাঠ্যক্রম অনুযায়ী জেলা শিল্পকলা একাডেমির ২০২১ শিক্ষাবর্ষে শিশু বিভাগের আওতাধীন সংগীত, নৃত্য ও চারুকলা এবং সাধারণ বিভাগের আওতাধীন সংগীত, নৃত্য, চারুকলা, আবৃত্তি, নাটক ও তবলা বিষয়ে ভর্তির আবেদন আহ্বানপূর্বক আসন খালি থাকা সাপেক্ষে ভর্তি কার্যক্রম চলছে। এখানে উল্লেখ্য যে, করোনা পরিস্থিতির কথা বিবেচনায় রেখে এ বছর ভর্তি পরীক্ষা নেয়া হচ্ছে না।

**০২। বঙ্গবন্ধুকে নিয়ে নাটক নির্মাণ কর্মসূচি :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবর্ষ উপলক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে ৬৪ জেলায় নাটক নির্মাণ কর্মসূচির আওতায় জেলা শিল্পকলা একাডেমি সিলেটের আয়োজনে ৯ ডিসেম্বর বঙ্গবন্ধুকে নিয়ে সিলেট জেলার প্রযোজনাটি মঞ্চায়িত হয়। গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় শেখ লুৎফর রহমানের ঘরে জন্ম নিয়ে কোমলমতি ছোট্ট খোকা থেকে বাঙালি জাতির হাজার বছরের লাঞ্ছনা-বঞ্চনার মুক্তিদাতা হিসেবে কিভাবে নিজেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে পরিণত করলেন, তারই কিছু খণ্ড ঘটনার আলোকে নির্মিত হয়েছে নাটক 'আমাদের খোকা'। নাটকটি মঞ্চায়নের পূর্বে উদ্বোধনী পর্বের সংক্ষিপ্ত আনুষ্ঠানিকতায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিলেট এম কাজী এমদাদুল ইসলাম। এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সিলেট জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এ্যাডভোকেট নাসির উদ্দিন খান ও সম্মিলিত নাট্যপরিষদ সিলেটের প্রধান পরিচালক অরিন্দম দত্ত চন্দন। অন্যান্যের মধ্যে মঞ্চে উপস্থিত ছিলেন নাটকটির রচয়িতা বাবুল আহমদ, নির্দেশক ভবতোষ রায় বর্মণ এবং সম্মিলিত নাট্যপরিষদের সভাপতি মিশফাক আহমদ চৌধুরী ও সাধারণ সম্পাদক রজত কান্তি গুপ্ত। উদ্বোধনী পর্বের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন প্রযোজনাটির প্রধান সমন্বয়কারী ও জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত। আবৃত্তিশিল্পী নাফিসা তানজীনের সঞ্চালনায় নাটকের বিভিন্ন চরিত্রে অভিনয় করেন রুবেল রাজ, সন্দীপ চক্রবর্ত্তী, সুমনা দেব কেয়া, সোনিয়া আক্তার সোনালী, জারতাজ জাকিয়াহ্ জারা, দিপন তালুকদার, মো. আদনান আনোয়ার, রোহিত দত্ত চৌধুরী, বিশাল দে বৃত্ত, সাগর দেব নাথ, মো: হাসিব হোসেন, মির্জা ফজলে জান্নাত মাশরাফী, দেবরাজ গৌরব, প্রিয়াংকা চক্রবর্তী, সোনিয়া আকতার ইতি, অরূপ দে, সন্তোষ দাস, ছাদিকুর রহমান নয়ন, ঋত্বিক আদিত্য, জুবায়ের আহমদ, শুভ্রদীপ দাশ শুভ, জাওয়াতা আফনান রোজা, খলিলুর রহমান ফয়সাল, মো. শিমুল হাসান, রিজভী আরিফ দিপন, সিঁথী চক্রবর্ত্তী ও নাজনীন আক্তার কণা। প্রযোজনাটির আলোক পরিকল্পনা ও প্রক্ষেপণে ছিলেন শাহজাহান মিয়া, আবহ সংগীতে মো. ইয়াকুব আলী, রূপসজ্জায় সুমন রায় ও রিজভী আরিফ দিপন, মঞ্চসজ্জায় সুদর্শন সিংহ এবং মহড়া ব্যবস্থাপনায় ছিলেন মো. শিমুল হাসান ও সুমনা দেব কেয়া।

**০৩। মহান বিজয় দিবস ২০২০ উদযাপন :** ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস আমাদের গর্ব ও অহংকার, আমাদের জাতীয় জীবনে এক সুমহান মর্যাদা ও সীমাহীন গৌরবের দিন। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে স্বাস্থ্যবিধি মেনে জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমি সিলেটের উদ্যোগে একাডেমি মিলনায়তনে সকাল ১০:৩০টায় আয়োজন করা হয় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের। সিলেটের জেলা প্রশাসক এম কাজী এমদাদুল ইসলাম-এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন সিলেট বিভাগীয় কমিশনার মোঃ মশিউর রহমান এনডিসি। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিলেট রেঞ্জের ডিআইজি মফিজ উদ্দিন আহম্মেদ পিপিএম, সিলেট মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোঃ নিশারুল আরিফ; পুলিশ সুপার মোহাম্মদ ফরিদ উদ্দিন পিপিএম; জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা দেবজিৎ সিংহ; মহানগর আওয়ামীলীগের সভাপতি মাসুক উদ্দিন আহমদ; জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট নাসির উদ্দিন খান; মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক অধ্যাপক জাকির হোসেন; বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সিলেট জেলা ইউনিটের সাবেক কমান্ডার সুব্রত চক্রবর্তী এবং মহানগর ইউনিটের সাবেক কমান্ডার ভবতোষ রায় বর্মণ। আলোচনা পর্ব শেষে একাডেমির আবৃত্তিশিল্পী নাফিসা তানজীনের সঞ্চালনায় দিবসভিত্তিক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে দলীয়, দ্বৈত ও একক পরিবেশনায় অংশগ্রহণ করেন নৃত্যশৈলী সিলেট, ছন্দনৃত্যালয় সিলেট, শ্রীহট্ট ললিতকলা একাডেমি ও জেলা শিল্পকলা একাডেমির সংগীত ও নৃত্যের শিশু ও সাধারণ বিভাগ, হিমাংশু বিশ্বাস, আমিনুল ইসলাম চৌধুরী, রজত কান্তি গুপ্ত, তন্বী দেব, জান্নাতুল নাজনীন আশা, বাপ্পী মজুমদার ও জান্নাত তাসনোভা চৌধুরী স্মিতা।

[চলমান পাতা -২]